মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.Jessoreboard.gov.bd

বিষয় ঃ বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজেটাইজকৃত চালু সেবা সমূহের তালিকা প্রকাশ।

উপযুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজেটাইজকৃত চালু সেবা সমূহের তালিকা প্রকাশ করা হলো।

প্রফেসর মোঃ আব্দুল খালের সরকার
সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

বিতরণ ঃ জোষ্ঠ্যতার ক্রমানাসারে নয়)
১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
২। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
৪। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
৫। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
৭। পিএসটু সচিব, অধ্যক্ষ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
৮। চেয়ারম্যান এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

## ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালুকৃত

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ক্র নং | ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত সেবা/ আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/ আইডিয়াটি কার্যকর আছে কি-না না থাকলে করণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক |
| ২ | অনলাইন ডকুমেন্ট উত্তোলন | ডকুমেন্ট হারিয়ে গেলে বহুসংখ্যক শিক্ষার্থীকে পুনরায় ডকুমেন্ট উত্তোলন করতে বোর্ডে সেবাটি গ্রহণ করতে আসতে হয়। ডকুমেন্টটি ঘরে বসেই আবেদন দাখিলপূর্বক আবেদনের আইডি নম্বর দ্বারা ডকুমেন্ট সার্চ করে আবেদনকারী ডকুমেন্টটি উত্তোলন করতে পারবে। ডকুমেন্ট হারিয়ে গেলে বহুসংখ্যক শিক্ষার্থীকে পুনরায় ডকুমেন্ট উত্তোলন করতে বোর্ডে সেবাটি গ্রহণ করতে আসতে হয়। ডকুমেন্টটি ঘরে বসেই আবেদন দাখিলপূর্বক আবেদনের আইডি নম্বর দ্বারা ডকুমেন্ট সার্চ করে আবেদনকারী ডকুমেন্টটি উত্তোলন করতে পারবে। | হ্যা আছে | হ্যা পাচ্ছে | https://www.jessoreboard.gov.bd /index.php/document/ |
| ৩ | অনলাইন পেমেন্ট | যশোর শিক্ষাবোর্ড মুজিববর্ষ উপলক্ষ্যে যে-সকল নতুন সেবা অন্তর্ভুক্ত করেছে তার মধ্যে অন্যতম হলো অনলাইন পেমেন্ট। বর্তমানে প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় বিভিন্ন ফিস প্রদান পদ্ধতি সহজ করার লক্ষ্যে যশোর শিক্ষাবোর্ড অনলাইন পেমেন্ট পদ্ধতি চালু করেছে। ব্যাংক ড্রাফট প্রথা উঠিয়ে দিয়ে সোনালী ব্যাংকের সহিত দ্বিপাক্ষিক চুক্তির আলোকে যশোর শিক্ষা বোর্ডের যাবতীয় আয়-ব্যয় “সোনালী সেবা” এর মাধ্যমে বোর্ডের তিনটি ব্যাংক হিসাবে সকল অর্থ লেনদেন করা হতো। “অনলাইন পেমেন্ট” সেবাটি চালু হওয়ার পর থেকে কাউকে বোর্ড ফি প্রদান করতে সরাসরি বোর্ডে আসতে হবে না। মূলত ব্যাংকে গমন বন্ধ করতে অনলাইন পেমেন্ট চালু করা হয়েছে। ফলে যে-কোনো জায়গা হতে সুবিধাজনক সময়ে সেবা গ্রহিতাগণ পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফান্ড ট্রান্সফার করে বোর্ডের নির্ধারিত ফিস প্রদান করতে পারছেন। এ পদ্ধতিতে সেবা গ্রহিতাগণ তাদের পছন্দের অপশন দ্বারা সহজেই পেমেন্ট করতে পারছেন। বোর্ড প্রয়োজন মাফিক গেটওয়ে মার্চেন্ট অ্যাকাউন্ট থেকে বোর্ডের অ্যাকাউন্টে উইথড্র রিকোয়েস্ট করলে গেটওয়ে কোম্পানিগুলো বোর্ডের ব্যাংক অ্যাকাউন্টে ফান্ড ট্রান্সফার করে দেয়। | হ্যা আছে | হ্যা পাচ্ছে | https://www.jessoreboard.gov.bd/index.php/site/sonali |
| ৪ | অনলাইন পরীক্ষক ও প্রধান পরীক্ষক নিয়োগ | যশোর শিক্ষা বোর্ডের অধীনস্ত সকল শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকদের Database থেকে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে Grading করে তালিকা প্রস্তুত হয় । এই তালিকা হতে জেলা কোটা অনুযায়ী পরীক্ষক ও প্রধান পরীক্ষক নিয়োগ করা হয় । পরীক্ষক ও প্রধানপরীক্ষকগণ নিয়োগপত্র Online-এ পেয়ে থাকেন এবং SMS Notification পান। প্রধান পরীক্ষকের অধীনে যে সকল পরীক্ষককে বোর্ড থেকে মনোনয়ন দে ওয়া হয় তাঁর তালিকা অনলাইনে প্রকাশ করা হয়। প্রধান পরীক্ষকগণের অধীন স্থ পরীক্ষকের বিল ও উত্তরপত্র মূল্যায়নের রিপোর্ট অনলাইনে প্রেরণ করে থাকেন।পরীক্ষক ও প্রধান পরীক্ষকগণের পারিশ্রমিকMobile Banking System থেকেপ্রেরণ করা হয়। | হ্যা আছে | হ্যা পাচ্ছে | https://app.jessoreboard.gov.bd/index.php/appointment |
| ৫ | ই-অফিস ম্যানেজমেন্টসিস্টেম | ই-গভার্নেন্স তথা ই-ফাইলিং একটি সর্বাধুনিক অফিস ব্যবস্থাপনা , যার সাহায্যে জনগণের দোর গোড়ায় খুব কম খরচে, কম সময়ে আবেদন গ্রহণ করে সেটি নিষ্পন্ন করে সেবা প্রদান করা যাচ্ছে। ই-ফাইলের মাধ্যমে প্রাতিষ্ঠানিক সকল আবেদন , যেমন —নতুন স্বীকৃতি, স্বীকৃতি নবায়ন, | হ্যা আছে | হ্যা পাচ্ছে | https://www.jessoreboard.gov.bd/index.php/eservice |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | শিক্ষাপ্রতিষ্ঠানের বিভিন্ন কমিটি অনুমোদন, নতুন বিষয় খোলা, শিক্ষার্থীদের বদ লি ইত্যাদি সেবা প্রদান করা হ য়। আবেদন অনলাইনে জমা দেওয়ার পর মুজিববর্ষ হতে অনলাইন পেমেন্টের মাধ্যমে ফিস গ্রহণ করে বোর্ড এই সেবা প্রদান করে থাকে।এমনকি অ্যাপ্লিকেশনটি ই-ফাইলের মাধ্যমে অনলাইনে গ্রহণের পর কার্য ধাপে রশুরুতে উচ্চমান সহকারী পরবর্তীকালে সেকশন অফিসার, সহকারী অফিসার, ডেপুটি, ইন্সপেক্টর, সচিব, চেয়ারম্যান মহোদয়সহসংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারী নির্দিষ্ট আইডি নম্বর ও পাসওয়ার্ডধারী হিসেবে e-Filing এর মাধ্যমে নিষ্পত্তি করে চূড়ান্ত অনুমোদনের পরচিঠি অটো জেনারেটে হয়েবোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করে শিক্ষা প্রতিষ্ঠানকে জানিয়ে দে ওয়া হয়। ফলে ফাইল প্রসেস আটকে থাকে না, দীর্ঘসূত্রিতার প্রয়োজন হয় না, অর্থ এবং মূল্যবান সময় ক্ষেপণ ইত্যাদির অবসান ঘটিয়ে সেবাটি দারুণভাবে কার্যকর আছে।<br><br>**ব্যবহারবিধি (শুধু শিক্ষাপ্রতিষ্ঠনের জন্য)**<br>যশোর শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে বাম দিকের মেনু হতে ই-অফিস ম্যানেজমেন্ট বাটনে ক্লিক করতে হবে। শাখা , অবেদনের বিষয়, প্রতিষ্ঠানের ইআইআইএন ও পাসওয়ার্ড দিয়ে লগইন করতে হবে। যে কাগজপত্র সংযুক্ত করতে বলা হয়েছে সেই সকল কাগজ সংযুক্ত করে সাবমিট দিতে হবে। অ্যাপ্লিকেশন সাবমিট করার পর মুজিববর্ষ হতে অনলাইন পেমেন্ট অপশন আসে এবং ব্যাংকে না গিয়ে অনলাইনে পেমেন্ট করে চূড়ান্ত সাবমিট করে। | | | |
| ৬ | **স্টুডেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম** | প্রতিষ্ঠানপ্রধান ষষ্ঠ শ্রেণিতে ভর্তি হওয়া শিক্ষার্থীর ছবিসহ তথ্য আপলোড করেন, Student Management Panel-এসকল শিক্ষার্থীর জন্য স্বয়ংক্রিয়ভাবে আইডি নম্বর তৈরি হয়। প্রতিষ্ঠানপ্রধান এআইডি নম্বর ব্যবহার করেই বিষয় নির্বাচনসহ অভ্যন্তরীণ পরীক্ষার ফল প্রকাশের মাধ্যমে পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণ করে থাকেন । নিজ নিজ প্রতিষ্ঠানের ইআইআইএন আইডি নম্বর ব্যবহার করেই প্রতিষ্ঠান প্রধানঅনলাইনে শিক্ষার্থীনির্বাচন ,নিবন্ধন, পরীক্ষার্থী নির্বাচন (ফরম ফিলআপ), শিক্ষার্থীদেরবদলি/ছাড়পত্র ও ভর্তি বাতিলের কার্যাদি সম্পন্ন করে থাকেন। | হ্যা আছে | হ্যা পাচ্ছে | https://student.jessoreboard.gov.bd/ |

প্রফেসর মোঃ আব্দুল খালেক সরকার
সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন: ০২৪৭৭৭৬২৭০১
ইমেইল: secretary@jessoreboard.gov.bd